যুগান্তর

JAN. 19 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ‘খ’ ইউনিটের দেড়শ’ শিক্ষার্থী ভর্তি পরীক্ষা দিতে পারেনি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ভর্তিচ্ছু দেড়শ’ শিক্ষার্থী গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারেনি। পরীক্ষার হলে গিয়ে তারা বণ্টিত আসনে রোল নম্বর খুঁজে পায়নি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে যারা এইচএসসি সমমানের ডিগ্রি অর্জন করে তারা শুধু ‘গ’ ও ‘ঘ’ ইউনিটের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে ভর্তি

পরীক্ষা : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## পরীক্ষা : দিতে পারেনি

(৩য় পৃষ্ঠার পর)

হতে পারে। কিন্তু আবেদনপত্র বিক্রি ও তা জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহের সময় মার্কশিট বা সনদপত্র চেক করা হয়নি বলেই তারা প্রবেশপত্র পেয়েছে। শফিকুল ইসলাম ভুইয়া নামে এমন একজন পরীক্ষার্থী বলেছে, আবেদনের যোগ্যতার ক্ষেত্রে এমন কোন শর্তের উল্লেখ ছিল না।

এদিকে, ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে গতকাল বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশ থেকে ছাত্রনেতারা নবীনদেরকে নিজ নিজ দলের পতাকাতলে সমবেত হওয়ার আহ্বান জানান। অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রদলের সমাবেশে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন। সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মামুন, আয়দার আলী লেনিন, নুরুল ইসলাম নয়ন প্রমুখ বক্তব্য রাখেন। একই স্থানে ছাত্রলীগের সমাবেশে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহিন জাহান। কলাভবনের সামনে জাসদ ছাত্রলীগের সমাবেশে বক্তব্য রাখেন আমিরুল আজিম, শামসুল আলম প্রমুখ। ছাত্র ইউনিয়ন সমাবেশ করে ডাকসু ভবনের সামনে। এছাড়া ছাত্রফ্রন্ট, ছাত্র ফেডারেশন ও সমাজবাদী ছাত্রজোট ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে।